

কমিউনিটির সকলকে সহায়তার আহ্বান

দেশের স্মরণকালের ভবন ধসে ক্ষতিগ্রস্থদের সহায়তায় সিডনীতে সাভার ট্র্যাজেডি সাপোর্ট গ্রুপ গঠিত

আতিকুর রহমান ॥ গত ২৪ এপ্রিল বাংলাদেশের সাভারে অবস্থিত “রানা প্লাজা” সর্বকালের ভয়াবহ ভবনধসের ঘটনায় এ পর্যন্ত প্রায় চার শতাধিক নিহত ও অসংখ্য মানুষ আহত অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। এ হতাহতের সংখ্যা ক্রমেই বেড়ে চলেছে। দেশের এ ভয়াবহ মানবিক বিপর্যয়ে ক্ষতিগ্রস্থদের সহায়তা প্রদানের জন্য ক্যাম্বেলটাউনে বসবাসরত সকল বাংলাদেশীদের আহ্বানে এক সভা গত ২৮ এপ্রিল মিন্টুস্থ দি থ্রেন্জ পাবলিক স্কুলে অনুষ্ঠিত হয়। সভায় ক্যাম্বেলটাউনস্থ সকল সংগঠনের প্রতিনিধিরা ছাড়াও বিভিন্ন রাজনৈতিক, সমাজসেবকসহ গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। ড. নিজাম আহমেদ, ড. মোশারফ চৌধুরী, গোলাম মওলা, ড. আনিছুল আফছার, মাসুদ চৌধুরী, ড. হানিফ মিয়া ঝিলু, কায়সার আহমেদ, শাহাদত হোসেন, নাজমুল খান, ইসমাইল মিয়া, ড. এখলাস উদ্দীন আহমেদ বাবু, ড. মির্জা হাসান, শাহ আবদুল মতিন পপলু, আবদুল আজিজ, শরীফ চৌধুরী, হাসান আহমেদ, ড. খায়রুল চৌধুরী, হোসেন মাহমুদ, এম এ মনসুর, জাকির হোসেন, আতিকুর রহমান সহ অনেকে সভায় উপস্থিত ছিলেন। সভায় সম্মতিক্রমে ক্ষতিগ্রস্থদের সরাসরি সহায়তা প্রদানের জন্য “সাভার ট্র্যাজেডি, সাপোর্ট গ্রুপ” নামে সংগঠনের মাধ্যমে সাহায্য তহবিল গঠনের সিদ্ধান্ত নেয়া হয় এবং জনাব আবুল সরকারকে আহ্বায়ক হিসেবে দায়িত্ব দেয়া হয়। তাৎক্ষণিকভাবে উপস্থিত সকলের সহায়তায় ৪,০০০ (চার হাজার) ডলার সংগৃহীত হয়। সর্বসম্মতিক্রমে প্রয়োজনীয় অর্থ সংগ্রহের জন্য বেশ কিছু সিদ্ধান্ত নেয়া হয় এবং প্রত্যেক এলাকার প্রতিনিধির সমন্বয়ে কয়েকটি উপ-কমিটি গঠন করা হয়। কমিটি ক্ষতিগ্রস্থদের মধ্য থেকে পর্যায়ক্রমে অত্যন্ত মূর্খদের সরাসরি সাহায্য সহায়তা প্রদানের সিদ্ধান্ত নেয়া হয়। স্বদেশের এ স্মরণকালের ভবন ধসের ট্র্যাজেডিতে ক্ষতিগ্রস্থদের সাহায্যে এগিয়ে আসার কমিউনিটির সকলের প্রতি আকুল আবেদন জানান সাভার ট্র্যাজেডি সাপোর্ট গ্রুপের আহ্বায়ক আবুল সরকার। এ ব্যাপারে বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করা যেতে পারে-আবুল সরকার, আহ্বায়ক, ফোন-০৪১১ ০৩৫ ২৫০.